২০১৯

# বাংলা

(প্রোগ্রাম)

(আবশ্যিক) AECC(MIL)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

প্রথম সেমেস্টার

কোর্স কোড : BNGP-AECC(MIL)

(পুরাতন কোর্স)

**SET-II**

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘণ্টা

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) "মোরা আপনি ম'রে মরার দেশে আনব বরাভয়"—'বরাভয়' কথার অর্থ কী? 'মরার দেশ' বলতে কী বোঝানো হয়েছে?

খ) 'নির্ঝরের স্বপ্নভঙ্গ' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত? তার প্রকাশকাল লেখো।

গ) "দূর হতে শুনি যেন মহাসাগরের গান"—কোথায় এর সাক্ষাৎ পাই? এরূপ উপলব্ধি কার হয়েছে?

ঘ) রামচরণ যখন বাবুদের বাড়ি চাকরি করতে আসে তখন তার বয়স কত? তার বাড়ি কোথায় ছিল?

*[পরের পাতায়]*

ঙ) রংলাল কোন্ হাটে কত টাকা নিয়ে গরু কিনতে গিয়েছিল?

চ) 'Interpreter' ও 'Race' শব্দ দু'টির পরিভাষা লেখো।

ছ) একটি আবেদনপত্রের গঠন কেমন হয়ে থাকে?

জ) 'সে আমি নয়, প্রভু'—এই অনুনয় কার? 'প্রভু' বলতে কাকে বোঝানো হয়েছে?

২। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) "তোদের বন্ধ কারায় আসা মোদের বন্দী হতে নয়"— এটি কোন্ রচনার অংশ? ছত্রটির মধ্য দিয়ে কবি কোন্ ইঙ্গিত দিতে চেয়েছেন?

খ) 'কালাপাহাড়' গল্পের উপান্তে রংলালের প্রতি মানবেতর প্রাণীর যে অমোঘ টান অনুভূত হয়েছে তা ব্যক্ত করো।

গ) কলেজে দীর্ঘদিন অনুপস্থিত ছিলে—এই মর্মে অধ্যক্ষের কাছে ছুটি মঞ্জুরের জন্য আবেদন পত্র লেখো।

ঘ) পরিভাষা লেখো (যে-কোনো **পাঁচটি**) : ১×৫=৫

Wastage, Censor Board, Manuscript, Farewell Address, Nominee, Thesis, Quorum, Grievance.

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'নির্ঝর' কথার অর্থ কি? নির্ঝরের রূপকে কবি যেভাবে তাঁর স্বপ্নভঙ্গের কথা ব্যক্ত করেছেন, তার পরিচয় দাও। ১০

খ) 'খোকাবাবুর প্রত্যাবর্তন' গল্পে খোকাবাবুর প্রত্যাবর্তন কীভাবে হল তা গল্প অবলম্বনে বুঝিয়ে দাও। ১০

গ) পানীয় জলের অপচয় বিষয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো। প্রতিবেদনটির একটি শিরোনাম প্রদান করো। ১০

ঘ) নিম্নোক্ত প্রবন্ধটি থেকে তথ্য নিয়ে প্রশ্নগুলির উত্তর দাও : $২\frac{১}{২} \times ৪ = ১০$

"যতটুকু অত্যাবশ্যক কেবল তাহারই মধ্যে কারারুদ্ধ হইয়া থাকা মানবজীবনের ধর্ম নহে। আমরা কিয়ৎ পরিমাণে আবশ্যক-শৃঙ্খলে বদ্ধ হইয়া থাকি এবং কিয়ৎ পরিমাণে স্বাধীন। আমাদের দেহ সাড়ে তিন হাতের মধ্যে বদ্ধ, কিন্তু তাই বলিয়া ঠিক সাড়ে তিন হাত পরিমাণ গৃহ নির্মাণ করিলে চলে না। স্বাধীন চলাফেরার জন্য অনেকখানি স্থান রাখা আবশ্যক, নতুবা আমাদের স্বাস্থ্য এবং আনন্দের ব্যাঘাত হয়। শিক্ষা সম্বন্ধেও এই কথা খাটে। যতটুকু কেবলমাত্র শিক্ষা অর্থাৎ অত্যাবশ্যক, তাহারই মধ্যে শিশুদিগকে একান্ত নিবদ্ধ রাখিলে কখনোই তাহাদের মন যথেষ্ট পরিমাণে বাড়িতে পারে না। অত্যাবশ্যক শিক্ষার সহিত স্বাধীন পাঠ না মিশাইলে ছেলে ভালো করিয়া মানুষ হইতে পারে না—বয়ঃপ্রাপ্ত হইলেও বুদ্ধিবৃত্তি সম্বন্ধে সে অনেকটা পরিমাণে বালক থাকিয়াই যায়।

কিন্তু দুর্ভাগ্যক্রমে আমাদের হাতে কিছুমাত্র সময় নাই। যত শীঘ্র পারি বিদেশীয় ভাষা শিক্ষা করিয়া, পাস দিয়া, কাজে প্রবিষ্ট হইতে হইবে। কাজেই শিশুকাল হইতে ঊর্ধ্বশ্বাসে, দ্রুত বেগে, দক্ষিণ বামে দৃকপাত না করিয়া, পড়া মুখস্থ করিয়া যাওয়া ছাড়া আর কোনো কিছুর সময় পাওয়া যায় না। সুতরাং ছেলেদের হাতে কোনো শখের বই দেখিলেই সেটা তৎক্ষণাৎ ছিনাইয়া লইতে হয়।"

অ) স্বাধীন চলাচলের জন্য অনেকখানি স্থান দরকার—কেন?

আ) কোন্ আচরণটিতে নিবদ্ধ থাকা মানবজীবনের ধর্ম নয়?

ই) শিশুদের ভালো মানুষ হবার জন্য কী প্রয়োজন?

ঈ) আমাদের হাতে কিছুমাত্র সময় নেই বলে আমরা শিশুদের দিয়ে কী করিয়ে থাকি?

---